ডায়েরি নং
☐ অতিরিক্ত সচিব
☐ অতিরিক্ত সচিব
☐ অতিরিক্ত সচিব
☐ যুগ্ম-সচিব
সচিবের একান্ত সচিব
সচিব

# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল


**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**

বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮১৪৪০৪৬ ফ্যাক্সঃ ৮৮০-২-৯১২৪৬২৬, ই-মেইলঃ bcc@bcc.net.bd Web: www.bcc.net.bd


স্মারক নং-৫৬.১০৭.০২৫.০২.০০.৪৮৩.২০১২-৮৪২ তারিখঃ ০৬.০৭.২০১৫খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক জুলাই- ডিসেম্বর, ২০১৫ সময়কালে আয়োজিত স্বল্প-মেয়াদী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

আপনি নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশ সরকার প্রতিশ্রুত রুপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে সক্ষম জনবল ডিজিটাল বাংলাদেশের অন্যতম প্রধান উপাদান হিসেবে পরিগণিত। বিসিসি প্রতিষ্ঠালগ্ন হতেই দেশের মানব সম্পদের তথ্য প্রযুক্তি সক্ষমতা উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। রুপকল্প ২০২১ বাস্তবায়নের শুরু হতে বিগত ৬ বছরে বিসিসি এর ঢাকা কেন্দ্র ও ৬টি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে ১,৫০,০০০ এর অধিক প্রশিক্ষণার্থীকে তথ্য প্রযুক্তির বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেছে।

০২। দেশের মানব সম্পদ উন্নয়নে চলমান কার্যক্রমের অংশ হিসেবে বিসিসি নতুন অর্থ বছরের (২০১৫-২০১৬) ১ম অর্ধে (জুলাই-ডিসেম্বর ২০১৫) পরিচালনার জন্য ১০টি বিভিন্ন আইসিটি বিষয় ভিত্তিক ১৪টি কোর্স নির্ধারণ করেছে। এ কোর্সসমূহ নির্ধারণের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান এবং সাধারণ মানুষের চাহিদা বিবেচনায় কোর্স কারিকুলাম ও কনটেন্ট প্রস্তুত করা হয়েছে। এ সকল কোর্স পরিচালনায় বিসিসি'র দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং আইসিটি শিল্পে কর্মরত পেশাজীবিগণ সম্পৃক্ত রয়েছেন। বর্ণিত কোর্সসমূহে আপনার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়ন দেয়া হলে তা তাদের আইসিটি দক্ষতা বৃদ্ধি/উন্নয়নে সহায়ক হবে মর্মে বিশ্বাস করি।

০৩। এমতাবস্থায়, সংযুক্ত প্রশিক্ষণ সিডিউল মোতাবেক আপনার মন্ত্রণালয়/বিভাগ বা প্রতিষ্ঠান হতে এক বা একাধিক উপযুক্ত প্রার্থী/প্রার্থীদের মনোনয়ন (মোবাইল নম্বর সহ) নির্ধারিত তারিখের মধ্যে প্রদানে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিসিসি'র প্রশিক্ষণ সিডিউল (০১ পৃষ্ঠা)।

ডায়েরী নং- ৮০ তারিখঃ ৬/৮/১৫
☑ যুগ্মসচিব (প্রশাসন)
☐ যুগ্মসচিব (প্রেস)
☐ যুগ্মসচিব (আইন ও শৃঙ্খলা)
☐ যুগ্মসচিব (তথ্য/টিভি/বেতার/সম্প্রচার/চলচ্চিত্র)
☐ উপসচিব (প্রশাসন)
☐ ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব

(এস এম আশরাফুল ইসলাম)
অতিরিক্ত সচিব ও
নির্বাহী পরিচালক
ফোনঃ ৮১৪৪০৪৬
মেইলঃ ed@bcc.net.bd

প্রাপকঃ

সচিব
তথ্য মন্ত্রণালয়

যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর
ডায়েরী নং ৫৪৬
তারিখ ৬/৮/১৫

তথ্য মন্ত্রণালয়
প্রশাসন-৪ অধিশাখা

নং- ১৫.০০.০০০০.০১৮.২৫.০০৬.১৪.৩৫৭ তারিখ: ০৯/০৮/২০১৫

উপর্যুক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনেচ্ছুক কর্মকর্তা/কর্মচারীগণ (প্রশিক্ষণ ব্যয় স্ব-স্ব দপ্তর/সংস্থা নির্বাহ সাপেক্ষে) আগামী ২০-০৮-২০১৫ তারিখের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনের ওপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

(মোঃ লাইসুর রহমান)
উপ-সচিব
ফোন- ৯৫৬৭১০১।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী (সকল)/ সচিব, তথ্য কমিশন/ প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর/ মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ গণযোগাযোগ অধিদপ্তর/ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/বাংলাদেশ ফিল্ম আর্কাইভ/বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট/ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন/বাংলাদেশ সংবাদ সংস্থা/ভাইস-চেয়ারম্যান, সেন্সর বোর্ড, প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট।
২. সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রনালয়, ঢাকা (ওয়েবসাইডে বিজ্ঞপ্তিটি দেয়ার অনুরোধসহ)

# কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

## বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, ফোন: ৫৫০০৬৮২৪, ইমেইল: bcc@bcc.net.bd web:www.bcc.gov.bd

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক জুলাই-ডিসেম্বর'২০১৫ সেশনের নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ কোর্সসমূহ পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাকযোগ্যতা অনুযায়ী আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

## Training Schedule from July to December' 2015

| Shift | Title of the course | Duration (hours) | Starting & Closing Date | Course Fee (Tk) | Last Date of Registration | Pre-requisite | Course Coordinator |
|---|---|---|---|---|---|---|---|
| Morning Session (10am-1pm) | 1) Introduction to Office Applications & Unicode Bangla (Only for Women) | 90 | 27.07.2015<br>12.11.2015 | 3000.00 | 23.07.2015 | H.S.C or A Level or equivalent | Most. Aktar Zahan |
| Day Session (2pm-5pm) | 1) Hardware Maintenance & Troubleshooting | 75 | 13.08.2015<br>12.11.2015 | 5000.00 | 06.08.2015 | H.S.C or A level or equivalent, experience in the use of computer applications | SK. Fazle Elahi |
| | 2) Introduction to Office Applications & Unicode Bangla (Only for Women) | 90 | 14.09.2015<br>14.12.2015 | 3000.00 | 03.09.2015 | H.S.C or A Level or equivalent | Eva Marion |
| Evening Session (5pm-8pm) | 1)Web Site Design and Web Applications Development & Outsourcing Technique (For Beginners ) | 148 | 23.08.2015<br>01.12.2015 | 11000.00 | 16.08.2015 | HSC, experience in the use of computer applications | Most. Aktar Zahan |
| | 2)Java Programming | 60 | 11.10.2015<br>28.12.2015 | 8000.00 | 04.10.2015 | Graduate, experience in Object Oriented Programming language. | Hossain Bin Amin |
| | 3) Graphics Design & Multimedia & Outsourcing Technique | 90 | 02.08.2015<br>12.11.2015 | 8500.00 | 30.07.2015 | H.S.C or A level or equivalent, experience in computer uses | Most. Aktar Zahan |
| | 4) Network Administration (Windows & Linux) | 120 | 12.08.2015<br>30.12.2015 | 10000.00 | 08.08.2015 | Graduate, experience in the use of Windows applications | SK. Mofizur rahman |
| | 5) Database Application Development using Oracle with DBA & out Sourcing Technique | 156 | 12.08.2015<br>31.12.2015 | 18000.00 | 08.08.2015 | Graduate, experience in Database Management | Md. Zafrul alam Khan |
| | 6) Web Site Design and Web Applications Development & Outsourcing Technique (Advance Course) | 99 | 01.10.2015<br>31.12.2015 | 9000.00 | 23.09.2015 | HSC, experience in the use of computer applications (Basic concept of Programming will be preferable) | Md. Golam Rabbani |
| | 7) Server and Internet Security Administrator | 63 | 01.10.2015<br>22.12.2015 | 10000.00 | 23.09.2015 | Graduate, experience in the use of Windows/Linux Server and Network administration | SK. Mofizur rahman |
| | 8)Software Development with C# | 60 | 01.10.2015<br>24.12.2015 | 10000.00 | 24.09.2015 | Graduate, experience in Object Oriented Programming language. | Most. Aktar Zahan |
| | 9) Web Site Design and Web Applications Development & Outsourcing Technique (For Beginners ) | 148 | 30.09.2015<br>31.12.2015 | 11000.00 | 23.09.2015 | HSC, experience in the use of computer applications | Hossain Bin Amin |
| | 10) Graphics Design & Multimedia & Outsourcing Technique | 90 | 01.09.2015<br>31.12.2015 | 8500.00 | 25.08.2015 | H.S.C or A level or equivalent, experience in computer uses | Golam Rabbani |
| | 11)Web Site Design and Web Applications Development & Outsourcing Technique (For Beginners ) | 148 | 04.011.2015<br>31.12.2015 | 11000.00 | 01.11..2015 | HSC, experience in the use of computer applications | Eva Marion |

আগ্রহী প্রার্থীগণকে ০২ কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র, প্রয়োজনীয় অভিজ্ঞতার সনদপত্র এবং "বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল" বরাবর নির্ধারিত কোর্স ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহ রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হ'ল। বিসিসি'র ওয়েবসাইট (bkiict.bcc.net.bd) থেকে অনলাইনেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে কোর্স ফি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মাধ্যমে পরিশোধ সাপেক্ষ ভর্তি নিশ্চিত করা যাবে। আসন সংখ্যা সীমিত।

(যোগাযোগঃ ০২-৫৫০০৬৮২৪)

Director
(Training)